দৈনিক ইত্তেফাক

15

তারিখ ... 13 JUL 1990
পৃষ্ঠা ১২ কলাম ২

# ঢাকা মেডিক্যাল কলেজ খোলার আহ্বান

ডাকসু ভিপি আমানউল্লাহ আমান এমপি ও জি এস খায়রুল কবীর খোকন গতকাল (শুক্রবার) এক বিবৃতিতে অবিলম্বে ঢাকা মেডিকেল কলেজ খুলিয়া দিয়া ছাত্র সংসদ নির্বাচনের তারিখ ঘোষণার আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে ঢাকা মেডিকেল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণায় ক্ষোভ প্রকাশ করিয়া বলা হয়, ক্ষমতাসীন হইয়া নব্য স্বৈরাচার আওয়ামী শাসকগোষ্ঠী দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ চট্টগ্রাম, বরিশাল, রংপুর, সলিমুল্লাহ ও ঢাকা মেডিকেল কলেজে পরিকল্পিতভাবে অস্ত্রধারী মাস্তানদের দ্বারা হামলা চালাইয়া কলেজগুলি বন্ধ এবং ছাত্র রাজনীতি নিষিদ্ধের পাঁয়তারা চালাইতেছে। নেতৃদ্বয় ঢাকা মেডিকেল কলেজের কক্ষ ভাংচুরের সহিত জড়িতদের বিচার দাবী করেন।